



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট  
প্রশাসন শাখা



বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯

নম্বর ৩৭.২৪.০০০০.০০১.১১.০০২.১৮.১১২

তারিখ ২৩ ভাদ্র ১৪২৭

০৭ সেপ্টেম্বর ২০২০

নিয়োগ বিজ্ঞপ্তি

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টে নিম্নোক্ত শূন্য পদসমূহে সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

ক্রম নং	পদের নাম ও গ্রেড (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	বয়স	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন
১.	ব্যক্তিগত সহকারী (গ্রেড-১৩) বেতন স্কেল (১১০০০-২৬৫৯০)	১৮-৩০ বছর	০১ (এক)টি	ক) স্বীকৃত বোর্ড হতে স্নাতক ডিগ্রী/সমমান পাস; খ) কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং/ডাটা এন্ট্রি ও টাইপিং জানতে হবে এবং গ) বাংলা ও ইংরেজি কম্পোজের গতি প্রতি মিনিটে ২৫ ও ৩০ শব্দ।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
২.	হিসাবরক্ষক (গ্রেড-১৩) বেতন স্কেল (১১০০০-২৬৫৯০)	১৮-৩০ বছর	০১ (এক)টি	ক) স্বীকৃত বোর্ড হতে বানিজ্য বিভাগে ২য় শ্রেণির স্নাতক ডিগ্রী এবং খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে।	

**শর্তাবলী:**

১। সকল প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত (Prescribed) চাকুরীর আবেদন ফরমে আবেদন করতে হবে। আবেদনকারীগণকে আগামী ০৮/১০/২০২০ খ্রি: তারিখ বিকেল ৫.০০ টার মধ্যে (শুধুমাত্র ডাকযোগে) ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাড়ি নং-৪৪ (২য় তলা), সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯ বরাবর আবেদন পাঠাতে হবে।

২। আবেদনপত্রের সাথে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (নামসহ সীল) নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে:

ক) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি;

খ) বয়স প্রমাণের জন্য শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমান পরীক্ষার মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত অনুলিপি এবং

গ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান/সন্তানের সন্তানদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত তাদের পিতা/মাতার/পিতার পিতা/পিতার মাতা/মাতার পিতা/মাতার

মাতা (প্রযোজ্য ক্ষেত্রে) এর মুক্তিযোদ্ধা সার্টিফিকেট, যা যথাযথভাবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত এর সত্যায়িত অনুলিপি।

৩। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষা গ্রহণের সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে:

ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত অনুলিপি;

খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি এবং

গ) প্রার্থী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে)।

৪। প্রার্থীর বয়স ০৮/১০/২০২০ খ্রি: তারিখে ১৮ থেকে ৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের সন্তানের এবং প্রতিবন্ধী প্রার্থীদের বয়স সর্বোচ্চ ৩২ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের সন্তানের সন্তানদের ক্ষেত্রে বয়স ৩০ বছর হতে হবে।

৫। নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত সকল পদের ক্ষেত্রে পরীক্ষার ফি বাবদ (অফেরতযোগ্য) ১০০/- (একশত) টাকা, ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর অনুকূলে জমার সপক্ষে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সাথে সংযোজন করতে হবে।

৬। খামের উপরে পদের নাম, নিজ জেলা এবং কোন কোটার প্রার্থী তা উল্লেখ করতে হবে।

৭। আবেদনপত্রের সাথে আবেদনকারীর ঠিকানা লিখিত ৫ (পাঁচ) টাকার ডাকটিকেট সংযুক্ত একটি ফেরত খাম (১০" x ৪.৫" সাইজের) পাঠাতে হবে।

৮। চাকুরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৯। লিখিত, ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ, ডিএ দেওয়া হবে না।

১০। শিক্ষা মন্ত্রণালয় ও প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর ওয়েবসাইট যথাক্রমে [www.moedu.gov.bd](http://www.moedu.gov.bd) এবং [www.pmeat.gov.bd](http://www.pmeat.gov.bd) তে বিজ্ঞপ্তিটি আবেদনের নির্ধারিত (Prescribed) ফরমসহ পাওয়া যাবে। উক্ত ওয়েবসাইটসমূহে প্রবেশপত্রের একটি নমুনা সংযুক্ত করা হয়েছে। প্রার্থীদেরকে আবেদনপত্রের সাথে প্রবেশপত্রের দুই কপি পূরণকপূর্বক দাখিল করতে হবে।

১১। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।



৭-৯-২০২০

নাসরীন আফরোজ

ব্যবস্থাপনা পরিচালক

ফোন: ০২-৮১৯২২০০

ইমেইল: [md@pmeat.gov.bd](mailto:md@pmeat.gov.bd)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

৩) প্রোগ্রামার , আইসিটি শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ট্রাস্টের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)